একজন মুসলিমের জন্য যা কিছু জানা থাকা আবশ্যক

শুরুর বার্তা

আমরা আল্লাহ তায়ালা যিনি মহান আরশের অধিপতি, তার কাছে তাওফীক চাচ্ছি এমন সকল কাজের যাতে তার সন্তুষ্টি রয়েছে। আমরা কামনা করছি, যেন তিনি আমাদেরকে এমন সকল বিষয় থেকে দূরে রাখেন, যা তার ক্রোধের কারণ হয় এবং আমাদেরকে যেন কল্যাণের উৎস বানান আর অমঙ্গলকর বিষয় বন্ধ করার মাধ্যম বানান। তিনি যেন আমাদেরকে তার কালিমা বুলন্দ ও জিহাদ ফি সাবিলিল্লাহর তাওফীক দান করেন এবং আমাদের কর্মসমূহ শুধু তার জন্য একনিষ্ঠ করে নেন এবং তা সুন্নত অনুযায়ী করার তাওফীক দান করেন।

আল্লাহ তায়ালা কুরআনে কারীমে বলেনঃ

فَمَن كَانَ يَرْجُو لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَلَا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّهِ أَحَدًا [١٨:١١٠]

অতএব,যে ব্যক্তি তার পালনকর্তার সাক্ষাত কামনা করে,সে যেন,সৎকর্ম সম্পাদন করে এবং তার পালনকর্তার এবাদতে কাউকে শরীক না করে।

উমর বিন খাত্তাব রাঃ তার দোয়ায় সব সময় বলতেন, "হে আল্লাহ! আমার সব কাজগুলো সঠিক করে দাও এবং তা শুধু তোমার জন্য একনিষ্ঠ করে নাও!আর তাতে কারো জন্য কোন কিছু রেখ না!"

ফুজাইল ইবনে আয়াজ রাহঃ আল্লাহ তায়ালার এই, لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا

যাতে তোমাদেরকে পরীক্ষা করেন-কে তোমাদের মধ্যে কর্মে শ্রেষ্ঠ?

"ইখলাস এবং সঠিক পদ্ধতির ক্ষেত্রে কে শ্রেষ্ঠ।"

লোকেরা তাকে জিজ্ঞেস করলো,"হে আবূ আলী! ইখলাস এবং কর্ম পদ্ধতিতে সর্ব শ্রেষ্ঠ মানি কি?" তিনি বললেন, "যখন কোন কাজ ইখলাসের সাথে হয় কিন্তু সঠিক পদ্ধতিতে না হয় তখন তা কবুল হয় না। আর যখন কোন কাজ সঠিক পদ্ধতিতে হয় কিন্তু তা ইখলাসের সাথে না হয় তখন তাও কবুল করা হয় না। যতক্ষণ না কাজটি ইখলাসের সাথে সঠিক পদ্ধতিতে না হয়। আর ইখলাস দ্বারা উদ্দেশ্য হচ্ছে, শুধু আল্লাহ তায়ালার জন্য হওয়া।আর সঠিক হওয়ার দ্বারা উদ্দেশ্য হচ্ছে, সুন্নত অনুযায়ী হওয়া।"

“একজন মুসলিমের জন্য যা কিছু জানা থাকা আবশ্যক” এই শিরনামে আমাদের যা প্রকাশ করার টার্গেটঃ

১/ নিম্নে বর্ণিত বিষয়গুলোর ক্ষেত্রে মুসলিমরা যা কিছুর প্রতি মুখাপেক্ষী হয়।

(ক) আক্বীদাহ

(খ) ফিক্বহ

(গ) হাদীস

(ঘ) তাফসীর

(যদিও এখানের কোন একটি বিষয় অন্য আরেকটি বিষয়ের উপর প্রাধান্য পাবে।)

২/ যে যোগে মুসলিমরা সুন্নাহ থেকে দূরে সরে গিয়েছিল, সে যোগে ইসলামের অবস্থা কেমন ছিল। মানুষের মাঝে সুন্নাত হারিয়ে গিয়েছিল এবং তারা দারুল ইসলামে গুরাবাদের (অপরিচিত ব্যক্তিদের) ন্যায় হয়ে গিয়েছিল।

৩/ মুসলিমদের মাঝে আক্বীদাহ ইত্যাদিতে যে ভ্রান্ত বিষয়গুলো ছড়িয়ে পড়েছে তা নিয়ে আলোচনা করা।

৪/ সঠিক মানহাজ যা আল্লাহ তায়ালার মানহাজ যার উপর আল্লাহর নবী সাঃ আমল করে দেখিয়ে গেছেন এবং তার পর সাহাবায়ে কেরাম এবং তাবেয়ীনরা যার দৃষ্টান্ত হয়ে আছেন।

এই হচ্ছে আমাদের ইচ্ছা এবং উদ্দেশ্য। এর যা কিছু সঠিক হবে তা আল্লাহ তায়ালার পক্ষ থেকে। আর যা কিছু ভুল-ভ্রান্তি হবে তা আমাদের ও শয়তানের পক্ষ থেকে।

আল্লাহর কাছে প্রার্থনা করছি যে, তিনি যেন আমাদের মিডিয়ার এই কাজকে বরকতময় করেন যা আমরা আমাদের এবং যারা এর প্রকাশনার সাথে যে কোন ভাবে শামিল ছিল তাদের আমলনামায় পাবো।

আল্লাহ তায়ালা আমাদেরকে এবং তোমাদেরকে খালেস তাওহীদে বিশ্বাসী হওয়ার তাওফীক দান করুন।

দরুদ ও সালাম বর্ষিত হোক আমাদের নবী মুহাম্মাদ সাঃ এবং তার পরিবার-পরিজন ও সাথীবর্গের উপর।

তাহরীদ মিডিয়া

https://telegram.me/tahridbd